**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.২৪৮.১২-৪৫৩**—যেহেতু, নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) অধিগ্রহণ আইন (১৯৪৮ সালের ১৩নং আইন) এর ৩ ধারা মোতাবেক ১৩-৩-৬৭ তারিখের আদেশ দ্বারা অধিগ্রহণ করা হইয়াছে; এবং

যেহেতু, উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণের আওতাধীন রহিয়াছে; এবং

যেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখল করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানান যাইতেছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত অধিগ্রহণকৃত সম্পত্তিসমূহ সরকার কর্তৃক হুকুম দখল করা হইল ঃ

**তফসিল**

মৌজা চাঁচড়া, জে, এল, নং ৭৭, থানা কোতয়ালী, জেলা যশোর।

| খতিয়ান নং | দাগ নং | জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ১৭৯৮ | ২৬৪৮ | .১৭ |
| ১৭৯৮ | ২৬৫৪ | ১.৯০ |
| ১৭৯৮ | ২৬৫৫ | .৮৩ |
| | | মোট=২.৯০ একর। |

জমির নকসা যশোর ভূমি হুকুম দখল অফিসে দেখা যাইতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**পারভীন আক্তার**
উপ-সচিব।

---

**মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়**
**শাখা-সেল**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ১৩ আগস্ট ২০১২

**নং ৩২.০০.০০০০.০৩৮.০৬.০৬১.১২.৮৯৯**—জাতীয় মহিলা সংস্থার আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯ নং আইন) এর ১১ (১) ধারা মোতাবেক উপজেলা নির্বাহী কর্মকর্তা, রায়পুরা, নরসিংদী এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার রায়পুরা উপজেলা কমিটির সদস্য হিসেবে মনোনীত করা হলো ঃ

| ক্রমিক নং | সংশ্লিষ্ট আইনের উপ-ধারা | সদস্যা শ্রেণী | নাম |
|---|---|---|---|
| (১) | ১১ (১) (গ) | শিক্ষিকা | মিসেস তাসলিমা বেগম |
| (২) | ১১ (১) (ঘ) | সমাজসেবী | মিসেস হেনা সালাহউদ্দিন |
| (৩) | ১১ (১) (চ) | বিশিষ্ট মহিলা | মিসেস নুরুন্নাহার আফজাল |
| (৪) | ঐ | ঐ | মিসেস সাকিনা জামান |
| (৫) | ঐ | ঐ | শিল্পী দাস |

২। উপরে উল্লেখিত সদস্যাগণের মধ্য হতে ২ নং ক্রমিকের মিসেস হেনা সালাহউদ্দিন উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও উপরে বর্ণিত সদস্যগণ ৩০-০৫-২০১২ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হবার পূর্বে কোন কারণ না দর্শিয়ে তাদেরকে তাদের পদ হতে অপসারণ করতে পারবে এবং তারাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

**নং ৩২.০০.০০০০.০৩৮.০৬.০৬১.১২.৯০০**—জাতীয় মহিলা সংস্থার আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯ নং আইন) এর ১১ (১) ধারা মোতাবেক উপজেলা নির্বাহী কর্মকর্তা, সাভার, ঢাকা এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার সাভার উপজেলা কমিটির সদস্য হিসেবে মনোনীত করা হলো ঃ

| ক্রমিক নং | সংশ্লিষ্ট আইনের উপ-ধারা | সদস্যা শ্রেণী | নাম |
|---|---|---|---|
| (১) | ১১ (১) (গ) | শিক্ষিকা | বেগম শবনম তাহমিনা কবীর |
| (২) | ১১ (১) (ঘ) | সমাজসেবী | বেগম শামীমা বাশার |
| (৩) | ১১ (১) (চ) | বিশিষ্ট মহিলা | বেগম রওশন আক্তার চৌধূরী |
| (৪) | ঐ | ঐ | বেগম সোহেল রহমান |
| (৫) | ঐ | ঐ | বেগম নাজমা আক্তার |

২। উপরে উল্লেখিত সদস্যাগণের মধ্য হতে ১ নং ক্রমিকের বেগম শবনম তাহমিনা কবীর উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও উপরে বর্ণিত সদস্যগণ ৩০-০৫-২০১২ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হবার পূর্বে কোন কারণ না দর্শিয়ে তাদেরকে তাদের পদ হতে অপসারণ করতে পারবে এবং তারাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

**নং ৩২.০০.০০০০.০৩৮.০৬.০৬১.১২.৯০১**—জাতীয় মহিলা সংস্থার আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯ নং আইন) এর ১১ (১) ধারা মোতাবেক উপজেলা নির্বাহী কর্মকর্তা, আড়াইহাজার, নারায়ণগঞ্জ এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার আড়াইহাজার উপজেলা কমিটির সদস্য হিসেবে মনোনীত করা হলো ঃ

| ক্রমিক নং | সংশ্লিষ্ট আইনের উপ-ধারা | সদস্যা শ্রেণী | নাম |
|---|---|---|---|
| (১) | ১১ (১) (গ) | শিক্ষিকা | মোসাঃ সামসুন্নাহার |
| (২) | ১১ (১) (ঘ) | সমাজসেবী | মোসাঃ হাছিনা বেগম |
| (৩) | ১১ (১) (চ) | বিশিষ্ট মহিলা | মোসাঃ তাছলিমা |
| (৪) | ঐ | ঐ | মোসাঃ শারমিন বেগম |
| (৫) | ঐ | ঐ | মোসাঃ রিনা |

২। উপরে উল্লেখিত সদস্যাগণের মধ্য হতে ২ নং ক্রমিকের মোসাঃ হাছিনা বেগম উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও উপরে বর্ণিত সদস্যগণ ৩০-০৫-২০১২ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হবার পূর্বে কোন কারণ না দর্শিয়ে তাদেরকে তাদের পদ হতে অপসারণ করতে পারবে এবং তারাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

**নং ৩২.০০.০০০০.০৩৮.০৬.০৬১.১২.৯০২**—জাতীয় মহিলা সংস্থার আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯ নং আইন) এর ১১ (১) ধারা মোতাবেক উপজেলা নির্বাহী কর্মকর্তা, ভূঞাপুর, টাংগাইল এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার ভূঞাপুর উপজেলা কমিটির সদস্য হিসেবে মনোনীত করা হলো ঃ

| ক্রমিক নং | সংশ্লিষ্ট আইনের উপ-ধারা | সদস্যা শ্রেণী | নাম |
|---|---|---|---|
| (১) | ১১ (১) (গ) | শিক্ষিকা | বেগম নার্গিস আক্তার |
| (২) | ১১ (১) (ঘ) | সমাজসেবী | বেগম শাহনাজ পারভীন |
| (৩) | ১১ (১) (চ) | বিশিষ্ট মহিলা | মোছাঃ নূরজাহান |
| (৪) | ঐ | ঐ | মোছাঃ রোজিনা খাতুন |
| (৫) | ঐ | ঐ | মোছাঃ কোহিনুর |

২। উপরে উল্লেখিত সদস্যাগণের মধ্য হতে ১ নং ক্রমিকের বেগম নার্গিস আক্তার উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও উপরে বর্ণিত সদস্যগণ ৩০-০৫-২০১২ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হবার পূর্বে কোন কারণ না দর্শিয়ে তাদেরকে তাদের পদ হতে অপসারণ করতে পারবে এবং তারাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

**নং ৩২.০০.০০০০.০৩৮.০৬.০৬১.১২.৯০৩**—জাতীয় মহিলা সংস্থার আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯ নং আইন) এর ১১ (১) ধারা মোতাবেক উপজেলা নির্বাহী কর্মকর্তা, ঘাটাইল, টাংগাইল এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার ঘাটাইল উপজেলা কমিটির সদস্য হিসেবে মনোনীত করা হলো ঃ

| ক্রমিক নং | সংশ্লিষ্ট আইনের উপ-ধারা | সদস্যা শ্রেণী | নাম |
|---|---|---|---|
| (১) | ১১ (১) (গ) | শিক্ষিকা | জনাব জীবুননিছা (জেবু) |
| (২) | ১১ (১) (ঘ) | সমাজসেবী | জনাব লূৎফূন্নাহার |
| (৩) | ১১ (১) (চ) | বিশিষ্ট মহিলা | জনাব হাফিজা বেগম |
| (৪) | ঐ | ঐ | জনাব রেনুজা |
| (৫) | ঐ | ঐ | জনাব তন্দ্রা |

২। উপরে উল্লেখিত সদস্যাগণের মধ্য হতে ১ নং ক্রমিকের জনাব জীবুননিছা (জেবু) উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও উপরে বর্ণিত সদস্যগণ ৩০-০৫-২০১২ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হবার পূর্বে কোন কারণ না দর্শিয়ে তাদেরকে তাদের পদ হতে অপসারণ করতে পারবে এবং তারাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

**নং ৩২.০০.০০০০.০৩৮.০৬.০৬১.১২.৯০৪**—জাতীয় মহিলা সংস্থার আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯ নং আইন) এর ১১ (১) ধারা মোতাবেক উপজেলা নির্বাহী কর্মকর্তা, শিবচর, মাদারীপুর এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার শিবচর উপজেলা কমিটির সদস্য হিসেবে মনোনীত করা হলো ঃ

| ক্রমিক নং | সংশ্লিষ্ট আইনের উপ-ধারা | সদস্যা শ্রেণী | নাম |
|---|---|---|---|
| (১) | ১১ (১) (গ) | শিক্ষিকা | বেগম আসমা বেগম |
| (২) | ১১ (১) (ঘ) | সমাজসেবী | মিসেস সুহাদা আক্তার |
| (৩) | ১১ (১) (চ) | বিশিষ্ট মহিলা | বেগম মাকসুদা আক্তার (নীলু) |
| (৪) | ঐ | ঐ | মিসেস মায়া রাণী |
| (৫) | ঐ | ঐ | বেগম জেসমিন আক্তার |

২। উপরে উল্লেখিত সদস্যাগণের মধ্য হতে ৩ নং ক্রমিকের বেগম মাকসুদা আক্তার (নীলু) উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও উপরে বর্ণিত সদস্যগণ ৩০-০৫-২০১২ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হবার পূর্বে কোন কারণ না দর্শিয়ে তাদেরকে তাদের পদ হতে অপসারণ করতে পারবে এবং তারাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

**নং ৩২.০০.০০০০.০৩৮.০৬.০৬১.১২.৯০৫**—জাতীয় মহিলা সংস্থার আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯ নং আইন) এর ১১ (১) ধারা মোতাবেক উপজেলা নির্বাহী কর্মকর্তা, সিংগাইর, মানিকগঞ্জ এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার সিংগাইর উপজেলা কমিটির সদস্য হিসেবে মনোনীত করা হলো ঃ

| ক্রমিক নং | সংশ্লিষ্ট আইনের উপ-ধারা | সদস্যা শ্রেণী | নাম |
|---|---|---|---|
| (১) | ১১ (১) (গ) | শিক্ষিকা | বেগম শাহিন আক্তার |
| (২) | ১১ (১) (ঘ) | সমাজসেবী | বেগম সায়মা বেগম |
| (৩) | ১১ (১) (চ) | বিশিষ্ট মহিলা | বেগম অলকা পারভীন |
| (৪) | ঐ | ঐ | বেগম ইমু সুলতানা |
| (৫) | ঐ | ঐ | বেগম রূপজান বেগম |

২। উপরে উল্লেখিত সদস্যাগণের মধ্য হতে ১ নং ক্রমিকের বেগম শাহিন আক্তার উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও উপরে বর্ণিত সদস্যগণ ৩০-০৫-২০১২ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হবার পূর্বে কোন কারণ না দর্শিয়ে তাদেরকে তাদের পদ হতে অপসারণ করতে পারবে এবং তারাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

**নং ৩২.০০.০০০০.০৩৮.০৬.০৬১.১২.৯০৬**—জাতীয় মহিলা সংস্থার আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯ নং আইন) এর ১১ (১) ধারা মোতাবেক উপজেলা নির্বাহী কর্মকর্তা, মনোহরদী, নরসিংদী এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার মনোহরদী উপজেলা কমিটির সদস্য হিসেবে মনোনীত করা হলো ঃ

| ক্রমিক নং | সংশ্লিষ্ট আইনের উপ-ধারা | সদস্যা শ্রেণী | নাম |
|---|---|---|---|
| (১) | ১১ (১) (গ) | শিক্ষিকা | বেগম নাজমা সাদেক |
| (২) | ১১ (১) (ঘ) | সমাজসেবী | মিসেস আম্বিয়া হক |
| (৩) | ১১ (১) (চ) | বিশিষ্ট মহিলা | বেগম আফরোজা সুলতানা সুমী |
| (৪) | ঐ | ঐ | বেগম আলপনা রায় |
| (৫) | ঐ | ঐ | বেগম আফরোজা সুলতানা রুবি |

২। উপরে উল্লেখিত সদস্যাগণের মধ্য হতে ১ নং ক্রমিকের বেগম নাজমা সাদেক উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও উপরে বর্ণিত সদস্যগণ ৩০-০৫-২০১২ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হবার পূর্বে কোন কারণ না দর্শিয়ে তাদেরকে তাদের পদ হতে অপসারণ করতে পারবে এবং তারাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

**নং ৩২.০০.০০০০.০৩৮.০৬.০৬১.১২.৯০৭**—জাতীয় মহিলা সংস্থার আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯ নং আইন) এর ১১ (১) ধারা মোতাবেক উপজেলা নির্বাহী কর্মকর্তা, ছাগলনাইয়া, ফেনী এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার ছাগলনাইয়া উপজেলা কমিটির সদস্য হিসেবে মনোনীত করা হলো ঃ

| ক্রমিক নং | সংশ্লিষ্ট আইনের উপ-ধারা | সদস্যা শ্রেণী | নাম |
|---|---|---|---|
| (১) | ১১ (১) (গ) | শিক্ষিকা | বেগম সুফিয়া খাতুন |
| (২) | ১১ (১) (ঘ) | সমাজসেবী | বেগম মনোয়ারা বেগম |
| (৩) | ১১ (১) (চ) | বিশিষ্ট মহিলা | বেগম শাহিনা আক্তার |
| (৪) | ঐ | ঐ | বেগম জেবুর নেছা |
| (৫) | ঐ | ঐ | বেগম শাহানা মাহবুব |

২। উপরে উল্লেখিত সদস্যাগণের মধ্য হতে ৩ নং ক্রমিকের বেগম শাহিনা আক্তার উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও উপরে বর্ণিত সদস্যগণ ৩০-০৫-২০১২ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হবার পূর্বে কোন কারণ না দর্শিয়ে তাদেরকে তাদের পদ হতে অপসারণ করতে পারবে এবং তারাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মনিরা বেগম**
সিনিয়র সহকারী সচিব।

---

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**
**প্রাণিসম্পদ-১ অধিশাখা**

**আদেশ**

তারিখ, ২৬ আগস্ট ২০১২

**নং মপ্রাম/প্রাস-১(সংসদীয় স্থায়ী)-৪৪/০৫/৫৮০**—যেহেতু, ডাঃ এ.বি.এম শহিদুল্লাহ, কিউরেটর (ভারপ্রাপ্ত), ঢাকা চিড়িয়াখানা, মিরপুর, ঢাকার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) বিধি অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ এনে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ১৪-৩-২০১১ তারিখের মপ্রাম/প্রাস-১(সংসদীয় স্থায়ী)-৪৪/০৫/৩০৬ নং স্মারকে বিভাগীয় মামলা নং ১২/২০১১ রুজু করা হয়; এবং

যেহেতু, ডাঃ এ.বি.এম শহিদুল্লাহ, কিউরেটর (ভারপ্রাপ্ত), ঢাকা চিড়িয়াখানা, মিরপুর, ঢাকা গত ২৮-৩-২০১১ তারিখে তাঁর লিখিত জবাব প্রদান করেন এবং গত ২৩-৭-২০১২ তারিখে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়; এবং

যেহেতু, ব্যক্তিগত শুনানীকালে অভিযুক্ত কর্মকর্তার ও সরকার পক্ষে মামলা পরিচালনাকারী কর্মকর্তার বক্তব্য শ্রবণ, বিভাগীয় মামলা সংক্রান্ত কাগজপত্র ও উপস্থাপিত অন্যান্য প্রাসঙ্গিক কাগজপত্র পর্যালোচনায় দেখা যায়, ডাঃ এ.বি.এম শহিদুল্লাহ এর বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ সীমানা প্রাচীর নির্মাণ এর ড্রইং, ডিজাইন, প্রি কাস্ট পাইলিং সংক্রান্ত, যা কারিগরি প্রকৃতি। ডাঃ এ.বি.এম শহিদুল্লাহ একজন ভেটেরিনারি সার্জন বিধায় পূর্ত কাজ সংক্রান্ত টেকনিক্যাল বিষয়ে তাঁর সম্যক জ্ঞান না থাকাই

স্বাভাবিক। এছাড়া চিড়িয়াখানার সীমানা প্রাচীর নির্মাণের সম্পাদিত কাজ সরেজমিনে দেখার জন্য তিনি যথাসময়ে পরিচালক (প্রশাসন) ও মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তরকে অনুরোধ করেছিলেন;

যেহেতু, উভয়পক্ষের বক্তব্য শ্রবণ, বিভাগীয় মামলা সংক্রান্ত কাগজপত্র ও উপস্থাপিত অন্যান্য প্রাসঙ্গিক কাগজপত্র পর্যালোচনায় ডাঃ এ.বি.এম শহিদুল্লাহ, কিউরেটর (ভারপ্রাপ্ত), ঢাকা চিড়িয়াখানা, মিরপুর, ঢাকা এর বক্তব্য ও ব্যাখ্যা সন্তোষজনক বলে প্রতীয়মান হয়;

সেহেতু, এক্ষণে সার্বিক বিবেচনায় তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালার ৩ (বি) বিধি মোতাবেক আনীত "অসদাচরণ" এর অভিযোগ থেকে অব্যাহতি প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**উজ্জ্বল বিকাশ দত্ত**
সচিব।

---

**যোগাযোগ মন্ত্রণালয়**
**সেতু বিভাগ**
**প্রশাসন শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১২ ভাদ্র ১৪১৯/২৭ আগস্ট ২০১২

**নং ৫০.০২৫.০২১.০০.০০.০০১.২০০৯-৩৩২**—পদ্মা বহুমুখী সেতু প্রকল্পের পুনর্বাসন সংক্রান্ত কাজের জন্য ডিজাইন কনসালট্যান্ট MAUNSELL AECOM Ltd. কর্তৃক প্রণীত Social Action Plan Vol. 5: Revised Resettlement Action Plan (RAP)-III (RTW) সংশোধনক্রমে সরকার কর্তৃক অনুমোদিত হয়েছে।

২। এই Social Action Plan Vol. 5: Revised Resettlement Action Plan (RAP)-III (RTW) অবিলম্বে কার্যকর হবে এবং শুধুমাত্র পদ্মা বহুমুখী সেতু প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মাহমুদ ইবনে কাসেম**
সিনিয়র সহকারী সচিব।

---

**শিক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৭ ভাদ্র ১৪১৯/১১ সেপ্টেম্বর ২০১২

**নং শিম/শাঃ ১৮/১০ উবি-২/৯৭/৩৪৬**—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় আইন, ১৯৯২ এর ১৪ (১) ধারা মোতাবেক ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের প্রফেসর ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন-কে নিম্নোক্ত শর্তে উক্ত বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্যের পদে নিয়োগ প্রদান করেছেন ঃ

(ক) উপ-উপাচার্য হিসেবে তাঁর নিয়োগের মেয়াদ ৪ (চার) বছর হবে। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজন মনে করলে নির্ধারিত সময়কাল শেষ হওয়ার পূর্বেই তাঁর নিয়োগ আদেশ বাতিল করতে পারবেন;

(খ) তিনি তাঁর বর্তমান পদের বেতন ভাতাদি পাবেন;

(গ) তিনি বিধি মোতাবেক উপ-উপাচার্য পদের সাথে সম্পৃক্ত অন্যান্য সুযোগ-সুবিধা ভোগ করবেন;

(ঘ) তিনি সংবিধি ও বিশ্ববিদ্যালয়ের রেগুলেশন দ্বারা নির্ধারিত এবং উপাচার্য কর্তৃক প্রদত্ত ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করবেন।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের আদেশক্রমে

**লায়লা আরজুমান্দ বানু**
উপ-সচিব (বিশ্ববিদ্যালয়-২)।

---

**শাখা-১৯**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৫ ভাদ্র ১৪১৯/০৯ সেপ্টেম্বর ২০১২

**নং শিম/শাঃ/১৯/বা.প্র.বি.প্রভিসি-২/২০০৯/৩০৪**—Bangladesh University of Engineering and Technology Ordinance, 1961 এর 12 (A) ধারা অনুযায়ী শিক্ষা মন্ত্রণালয়ের ২৩-০৯-২০০৯ তারিখের স্মারক নং শিম/শাঃ১৯/বাঃপ্রঃবিঃপ্রভিসি-২/২০০৯/৪২২ মোতাবেক প্রো-ভাইস চ্যান্সেলর হিসেবে নিয়োগকৃত বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের পুরকৌশল বিভাগের অধ্যাপক ড. মোঃ হাবিবুর রহমান-কে জেনারেল ক্লজেস এ্যাক্ট, ১৮৯৭ এর আর্টিকেল ১৬ এর বিধানমতে মহামান্য রাষ্ট্রপতি ও বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর উক্ত বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর পদ হইতে অব্যাহতি প্রদান করিলেন।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের আদেশক্রমে

**মোহাম্মদ মাঈনউদ্দিন চৌধুরী**
উপ-সচিব (বৃত্তি)।

---

**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**
**তদন্ত ও শৃঙ্খলা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৯ ভাদ্র ১৪১৯/১৩ সেপ্টেম্বর ২০১২

**নং প্রাগম/তঃশৃঃ/বিমা-১৫/২০১১/৪৪০**—যেহেতু, জনাব মোঃ আবদুল কাদের, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, পটুয়াখালী প্রাক্তন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, রাজশাহী-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) উপ-বিধি মোতাবেক অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন; এবং

যেহেতু, তাঁর লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য এবং প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনা করে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা চলার মত উপযুক্ত ভিত্তি নেই;

সেহেতু, জনাব মোঃ আবদুল কাদের, জেলা প্রাথমকি শিক্ষা অফিসার, পটুয়াখালী-কে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৭(২)(এ) উপ-বিধি মোতাবেক বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হ'ল।

২। জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম, এম, নিয়াজউদ্দিন**
ভারপ্রাপ্ত সচিব।

---

**শিল্প মন্ত্রণালয়**
**পরিকল্পনা-১ শাখা**

**সংশোধিত প্রজ্ঞাপন**

তারিখ, ১০ অক্টোবর ২০১২

**নং ৩৬.০৮২.০১৫.০৬.৩১.৫৪.২০১২/৯৭**—শিল্প মন্ত্রণালয়ের উদ্যোগে বিসিআইসি কর্তৃক বাস্তবায়নাধীন "শাহজালাল ফার্টিলাইজার প্রজেক্ট (এসএফপি)" শীর্ষক অনুমোদিত প্রকল্পের আওতায় জনবল (বেতন গ্রেড ১ হতে ১০ পর্যন্ত) নিয়োগের নিমিত্ত নিম্নরূপভাবে বাছাই কমিটি গঠন করা হ'ল ঃ

**আহ্বায়ক**

(১) যুগ্ম-প্রধান, শিল্প মন্ত্রণালয়।

**সদস্যবৃন্দ**

(২) উপ-সচিব (বিআ), শিল্প মন্ত্রণালয়।

(৩) জেনারেল ম্যানেজার(এমটিএস), এসএফপি, বিসিআইসি।

(৪) উপ-কর্মচারী প্রধান (মান-১) (নিয়োগ ও প্রশিক্ষণ), বিসিআইসি।

(৫) বিষয়ভিত্তিক বিশেষজ্ঞ।

**সদস্য-সচিব**

(৬) প্রকল্প পরিচালক, "শাহজালাল ফার্টিলাইজার প্রজেক্ট"।

২। **কার্যপরিধি (TOR) ঃ**

(১) শাহজালাল ফার্টিলাইজার প্রজেক্টের আওতায় অনুমোদিত ডিপিপির আলোকে বেতন গ্রেড ১ হতে ১০ পর্যন্ত জনবল নিয়োগের নিমিত্ত বাছাইপূর্বক নিয়োগদানের সুপারিশ।

৩। কমিটি প্রয়োজনে যে কোন কর্মকর্তাকে কো-অপ্ট করতে পারবে।

**মোঃ আবদুর রব**
সিনিয়র সহকারী প্রধান।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**পুলিশ-১ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ১০ সেপ্টেম্বর ২০১২

**নং স্বঃমঃ (পু-১)/ব্যক্তিগত-১৪/২০১০/৭১৫**—যেহেতু, উপ-মহাপুলিশ পরিদর্শক (বর্তমানে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়) জনাব খান সাঈদ হাসান পিপিএম এর বিরুদ্ধে (১) ডিএমপি, ঢাকার অপরাধ বিভাগের উপ-পুলিশ কমিশনার (দক্ষিণ) হিসেবে কর্মরত থাকাকালে গত ৪-৬-২০০৪ তারিখে কতিপয় সন্ত্রাসী কর্তৃক শাহবাগ দ্বিতল বাসে অগ্নিসংযোগের ফলে জলন্ত বাসে ১১ (এগার) ব্যক্তি অগ্নিদগ্ধ হয়ে নিহত হওয়ার ঘটনায় রমনা থানার মামলা নম্বর ১৬, তারিখ ৪-৬-২০০৪ ধারা-৪২৭/৪৩৫/৩০২/৩৪ দণ্ডবিধি রুজু হওয়ার পর তিনি ঘটনাটি একটি Heinous Crime হওয়া সত্ত্বেও মামলাটি এসআর মামলা হিসেবে ঘোষণা করেননি। এছাড়া তিনি মামলাটির তদন্ত তদারকি করেননি বা তদন্ত তদারকি প্রতিবেদনও ঊর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট দাখিল করেননি (২) তিনি পুলিশ সুপার বগুড়া হিসেবে কর্মরত থাকাকালে গত ১-২-২০০৩ তারিখে অনুষ্ঠিত বগুড়া জেলার নন্দীগ্রাম থানাধীন চরহরিণা রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়ে ইউনিয়ন পরিষদের নির্বাচন অনুষ্ঠানকালে পুলিশ কর্তৃক গুলি বর্ষণের ঘটনা সংঘটিত হওয়ার পর নির্ধারিত সময়ে তিনি উক্ত ঘটনা সংক্রান্তে নির্বাহী তদন্তের উদ্যোগ গ্রহণ করেননি এবং এ বিষয়ে পুলিশ অফিসে নথিপত্র সংরক্ষণ ও উপস্থাপন না করার কারণে ও দায়ী পুলিশ কর্মকর্তা/কর্মচারিদের বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ না করার অভিযোগে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (এ) ও ৩ (বি) বিধির আওতায় অদক্ষতা ও অসদাচরণের অভিযোগে জনাব খান সাঈদ হাসান পিপিএম এর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ০৭-১১-২০১০ তারিখের স্বঃ মঃ (পু-১)/ব্যক্তিগত-১৪/২০১০/৯৭৮ নম্বর স্মারকে কৈফিয়ত তলব করা হয়; এবং

২। যেহেতু, উপ-মহাপুলিশ পরিদর্শক (বর্তমানে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়) জনাব খান সাঈদ হাসান পিপিএম এর কৈফিয়ত তলবের জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় তাঁর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলাটি তদন্তের জন্য এ মন্ত্রণালয়ের ১২-০৯-২০১১ তারিখের স্বঃমঃ(পু-১)/ব্যক্তিগত-১৪/২০১০/৭৬৬ নম্বর স্মারকে পুলিশ হেডকোয়ার্টার্সের অতিরিক্ত আইজিপি জনাব একেএম শহীদুল হক, বিপিএম, পিপিএম তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখ করে তদন্তকারী কর্মকর্তা ১৫-০১-২০১২ তারিখে অত্র মন্ত্রণালয়ে তদন্ত রির্পোট দাখিল করেন। তদন্ত প্রতিবেদন এবং প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনা ও পরীক্ষা করে অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাঁকে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(এ) ও ৩(বি) বিধির অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(৩)(ডি) বিধি অনুযায়ী সরকারি চাকুরি হতে বরখাস্তকরণের (Dismissal from Service) সিদ্ধান্ত গৃহীত হয়; এবং

৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব খান সাঈদ হাসান পিপিএম-কে গত ১০-০২-২০১২ তারিখের স্বঃমঃ(পু-১)/ব্যক্তিগত-১৪/২০১০/১১৮ নম্বর স্মারকে বিধি মোতাবেক দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়। দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ ২৬-০৪-২০১২ তারিখে দৈনিক যুগান্তর এবং ২৮-০৪-২০১২ তারিখে দৈনিক প্রথম আলো পত্রিকায়ও প্রকাশ করা হয়। তিনি দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের কোন জবাব দাখিল করেননি; এবং

৪। যেহেতু, জনাব খান সাঈদ হাসান পিপিএম-কে সরকারি চাকুরি হতে বরখাস্তকরণের (Dismissal from Service) দণ্ড আরোপের বিষয়ে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৭(৭) বিধি অনুযায়ী স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের গত ১১-০৬-২০১২ তারিখের স্বঃমঃ(পু-১)/ব্যক্তিগত-১৪/২০১০/৪৫৫ নম্বর স্মারকে বাংলাদেশ সরকারি কর্মকমিশনের মতামত চাওয়া হয় এবং সরকারি কর্মকমিশন তাঁদের ০৪-০৭-২০১২ তারিখের ৮০.১০৬.০৩৪.০১.০০.০০৪.২০১২-১৪২ নম্বর স্মারকে জনাব খান সাঈদ হাসান পিপিএম-কে উপরোক্ত দণ্ড আরোপের বিষয়ে একমত পোষণ করে। অতঃপর জনাব খান সাঈদ হাসান পিপিএম-কে চাকুরি হতে বরখাস্তকরণের (Dismissal from Service) প্রস্তাবটি গত ১২-০৮-২০১২ তারিখে মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

৫। সেহেতু, উপ-মহাপুলিশ পরিদর্শক (বর্তমানে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়) জনাব খান সাঈদ হাসান

পিপিএম এর বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (এ) ও ৩ (বি) বিধির আওতায় অদক্ষতা ও অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪ (৩) (ডি) বিধির অধীনে দোষী সাব্যস্ত করে তাঁকে চাকুরি হতে বরখাস্ত (Dismissal from Service) করা হলো।

৬। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৪৪.০০.০০০০.০৯৪.০০২.০০৯.১২-৭১৬**—যেহেতু, জনাব মোঃ তানভীর ভূঞা, সিনিয়র সহকারী পুলিশ কমিশনার, কেএমপি, খুলনা, বর্তমানে পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকায় সংযুক্ত তিনি গত ১৩-০৫-২০১২ তারিখ সিনিয়র সহকারী পুলিশ সুপার হিসেবে কেএমপি, খুলনাতে যোগদান করেন। তিনি কেএমপি, খুলনাতে যোগদানের পরপরই পর-নারীদের প্রতি আসক্ত হয়ে পড়েছেন মর্মে স্থানীয় জনগণের মধ্যে Scandal ছড়িয়ে পড়ে। তিনি প্রতিরাতে খুলনা ক্লাবে যাতায়াতপূর্বক রাত ১০—১২ ঘটিকা পর্যন্ত মদ্যপান করে বেসামাল হয়ে পড়েন এবং সিনিয়র অফিসারদের কুরুচিপূর্ণ ভাষায় গালিগালাজ করেন। তার এ ধরনের অপরাধ সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (এ) ও ৩ (বি) বিধি মোতাবেক যথাক্রমে অদক্ষতা এবং অসদাচরণের সামিল বিধায় এ বিষয়ে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। যেহেতু অভিযোগটি গুরুতর প্রকৃতির, কাজেই তাকে চাকুরি থেকে সাময়িক বরখাস্ত করা সমীচীন;

২। সেহেতু, সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ১১ (১) বিধি মোতাবেক জনাব মোঃ তানভীর ভূঞা, সিনিয়র সহকারী পুলিশ কমিশনার, কেএমপি, খুলনা, বর্তমানে পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকায় সংযুক্ত-কে এতদ্বারা চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হ'ল।

৩। সাময়িকভাবে বরখাস্তকালীন সময়ে তিনি প্রচলিত বিধি মোতাবেক খোরাকী ভাতা প্রাপ্য হবেন।

৪। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সি কিউ কে মুসতাক আহমদ**
সিনিয়র সচিব।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**(উন্নয়ন-১ শাখা)**

**আদেশ**

তারিখ, ১১ সেপ্টেম্বর ২০১২

**নং ৪৬.০৬৭.০০৩.০০.০০.০২০.২০১২-৫৯১**—যেহেতু, জনাব মোঃ সাজ্জাদুল হক, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা হিসেবে কর্মরত থাকাকালে স্থানীয় সরকার বিভাগের ৩১-০১-২০০৭ তারিখের স্থাসবি/শাঃউন্নয়ন-১/১ই-২১/২০০৬/৪৬ নম্বর স্মারকে SMEC INTERNATIONAL PTY. LTD-এ Senior Engineer, Project Monitoring পদে যোগদানের জন্য ০১-০২-২০০৭ হতে ৩১-১২-২০১১ তারিখ পর্যন্ত ৫৯ (ঊনষাট) মাসের লিয়েনে গমন করেন।

যেহেতু, উক্ত লিয়েন শেষে ০১-০১-২০১২ তারিখ কর্মস্থলে যোগদান করার কথা থাকলেও আপনি কাজে যোগদান না করে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত থাকায় এ বিভাগের ০২-০৫-২০১২ তারিখের ৪৬.০৬৭.০০৩.০০.০০.০২০.২০১২-২৮৩ নম্বর স্মারকমূলে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, জনাব মোঃ সাজ্জাদুল হকের বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় জারীকৃত অভিযোগনামা তাঁর কর্মস্থলে ও স্থায়ী ঠিকানা প্রেরণ করা হয়;

যেহেতু, জনাব মোঃ সাজ্জাদুল হক উক্ত অভিযোগনামার জবাব প্রদান করেননি এবং কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করে কাজে যোগদান করেননি;

যেহেতু, জনাব মোঃ সাজ্জাদুল হকের বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাঁকে সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৪ (এ) ধারায় সরকারি 'চাকুরী হতে বরখাস্ত' করার প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়;

যেহেতু, উক্ত অপরাধের জন্য জনাব মোঃ সাজ্জাদুল হককে সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৪ (এ) ধারা মোতাবেক কেন 'চাকুরী হতে বরখাস্ত' (Dismissal from Service) করার শাস্তি আরোপ করা হবে না তার লিখিত জবাব দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশের ৩ (তিন) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট পেশ করার জন্য নির্দেশ দেয়া হয়;

যেহেতু, দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ The independent ও দৈনিক সমকাল পত্রিকা দুটিতে প্রকাশিত হওয়া সত্ত্বেও জনাব মোঃ সাজ্জাদুল হক জবাব প্রদান করেননি এবং কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করে অদ্যাবধি কাজে যোগদান করেননি;

যেহেতু, জনাব মোঃ সাজ্জাদুল হকের বিরুদ্ধে রুজুকৃত উক্ত বিভাগীয় মামলার সংশ্লিষ্ট রেকর্ডপত্র পর্যালোচনা করে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৩ (বি) ধারার অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় উক্ত অধ্যাদেশের ৪ (এ) ধারা মোতাবেক কর্তৃপক্ষ কর্তৃক তাঁকে 'চাকুরী হতে বরখাস্ত' (Dismissal from Service) করার চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে;

সেহেতু, সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৫ (৩) ধারা মোতাবেক তাঁকে একই অধ্যাদেশের ৪ (এ) ধারায় বর্ণিত শাস্তি হিসেবে 'চাকুরী হতে বরখাস্ত' (Dismissal from Service) করা হলো।

এ আদেশ তাঁর অনুপস্থিতির তারিখ অর্থাৎ ০১-০১-২০১২ হতে কার্যকর হবে।

**আবু আলম মোঃ শহিদ খান**
সচিব।

---

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**চিকিৎসা শিক্ষা-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৮ নভেম্বর ২০১২

**নং স্বাপকম/চিশি-১/মেঃবিঃ-০১(১)/৯৭(অংশ)/৮৩৩**—বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ১ নং আইন) এর ১৬(১) ধারার প্রদত্ত ক্ষমতাবলে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক মোঃ জুলফিকার রহমান খান, অধ্যাপক, হেপাটোবিলিয়ারি সার্জারী-কে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ পদে নিয়োগ করেছেন।

২। জনস্বার্থে এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের আদেশক্রমে

**ড. মাসুমা পারভীন**
সিনিয়র সহকারী সচিব।